

কী সেবা, কিভাবে পাবেনঃ

উদাহরণ-১

সেবার নাম: কৃষি প্রশোধনা/ পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ণ:

ধাপসমূহ: (কীভাবে পাবেন)

১ম ধাপ : মন্ত্রণালয়/ জাতীয় পর্যায়ে থেকে নীতিমালা ও রেজুলেশনসহ জেলা পর্যায়ে বরাদ্দ প্রদান।

২য় ধাপ : জেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক রেজুলেশনসহ উপজেলায় উপ বরাদ্দ প্রদান।

৩য় ধাপ : উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক ইউনিয়ন পর্যায়ে উপ বরাদ্দ প্রদান।

৪র্থ ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক উপযুক্ত কৃষক নির্বাচন ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি, অনুমোদন ও উপজেলায় প্রেরণ।

৫ম ধাপ : প্রাপ্ত অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক যাচাই ও অনুমোদন।

৬ষ্ঠ ধাপ : বরাদ্দপ্রাপ্ত উপকরণ (সার, বীজ) ক্রয় এবং ইউনিয়ন পর্যায়ে বিতরণ।

৭ম ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কৃষককে কৃষি কার্ড ও ছবিসহ মাস্টার রোলার মাধ্যমে উপকরণ বিতরণ ও তা সংরক্ষণ।

উদাহরণ-২

সেবার নাম: বালাইনাশক লাইসেন্স প্রদান/ নবায়ন:

ধাপসমূহ:

১ম ধাপ : একজন প্রাপ্ত বয়স্ক উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি (পুরুষ) উপজেলা কৃষি অফিসে নির্ধারিত ফরমে আবেদন করবেন (ট্রেড লাইসেন্স, ট্রেজারি চালানসহ)।

২য় ধাপ : এসএপিপিও এবং এইও (পিপি)/ ইউএও কর্তৃক আবেদনকারী দোকান, এলাকার চাহিদা ও অন্যান্য যোগ্যতা যাচাই এবং সুপারিশ প্রদান/ বাতিল ও জেলায় প্রেরণ।

৩য় ধাপ : জেলায় অতিরিক্ত উপপরিচালক (পিপি) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই ও প্রয়োজনে পূণ: তদন্ত পূর্বক সন্তুষ্ট হলে লাইসেন্স ইস্যু বা নবায়ন করে উপজেলায় প্রেরণ করবেন।

৪র্থ ধাপ : আবেদনকারী উপজেলা হতে লাইসেন্স সংগ্রহ করবেন এবং এর ফটোকপি দোকানের দৃশ্যমান স্থানে টাঞ্জিয়ে রাখবেন।

উদাহরণ-৩

সেবার নাম: প্রকল্প ভিত্তিক প্রদর্শনী স্থাপন:

১ম ধাপ : সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক উপজেলাওয়ারী প্রদর্শনী/ প্রশিক্ষণের বরাদ্দ প্রদান।

২য় ধাপ : উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক এসএএও সভায় প্রাপ্ত বরাদ্দ উপস্থাপন, প্রদর্শনী স্থাপনের উপযোগী জমি ও ক্যাটাগরি ভিত্তিক উপযুক্ত কৃষক নির্বাচন বিষয়ক বিস্তারিত আলোচনা।

৩য় ধাপ : এসএএও কর্তৃক কৃষক দলের সাথে আলোচনা ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি ও উপজেলা কৃষি অফিসে জমা দান।

৪র্থ ধাপ : ইউএও/এইও কর্তৃক নির্বাচিত জমি ও কৃষকের মতামত যাচাই এবং অনুমোদন/ বাতিল।

৫ম ধাপ : নির্বাচিত কৃষকদের প্রদর্শনীর প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও উপকরণ বিতরণ।

৬ষ্ঠ ধাপ : কৃষক, এসএএও এবং ইউএও/ এইও এর উপস্থিতিতে প্রদর্শনী স্থাপন ও পরবর্তী কার্যক্রম বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান।

৭ম ধাপ : কৃষক, এসএএও এবং এইও কর্তৃক প্রদর্শনী প্লট নিয়মিত পরিদর্শন/ মনিটরিং, শস্য কর্তন, মাঠ দিবস এর প্রভাব ও ফলাফল প্রতিবেদন প্রেরণ।

উদাহরণ-৪

সেবার নাম: রাজস্বখাতের অর্থায়নে প্রদর্শনী স্থাপন।

১ম ধাপ : উপপরিচালকের কার্যালয় কর্তৃক উপজেলাওয়ারী প্রদর্শনী/ প্রশিক্ষণের বরাদ্দ প্রদান।

২য় ধাপ : উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক এসএএও সভায় প্রাপ্ত বরাদ্দ উপস্থাপন, প্রদর্শনী স্থাপনের উপযোগী জমি ও ক্যাটাগরি ভিত্তিক উপযুক্ত কৃষক নির্বাচন বিষয়ক বিস্তারিত আলোচনা।

৩য় ধাপ : এসএএও কর্তৃক কৃষক দলের সাথে আলোচনা ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি ও উপজেলা কৃষি অফিসে জমা দান।

৪র্থ ধাপ : ইউএও/এইও কর্তৃক নির্বাচিত জমি ও কৃষকের মতামত যাচাই এবং অনুমোদন/ বাতিল।

৫ম ধাপ : নির্বাচিত কৃষকদের প্রদর্শনীর প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও উপকরণ বিতরণ।

৬ষ্ঠ ধাপ : কৃষক, এসএএও এবং ইউএও/ এইও এর উপস্থিতিতে প্রদর্শনী স্থাপন ও পরবর্তী কার্যক্রম বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান।

৭ম ধাপ : কৃষক, এসএএও এবং এইও কর্তৃক প্রদর্শনী প্লট নিয়মিত পরিদর্শন/ মনিটরিং, শস্য কর্তন, মাঠ দিবস এর প্রভাব ও ফলাফল প্রতিবেদন প্রেরণ।